



জাতীয় বিশ্ববিদ্যালয়


স্মারকনং- ১০(৭৬১) জাতীয় বিঃ/রেজিঃ/অ্যাকাঃ/অনলাইন ভর্তি/২০১৭/২০২৫/

তারিখঃ ১৬ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ
২৯ এপ্রিল, ২০২৫ খ্রিস্টাব্দ

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষ স্নাতক (সম্মান) ও স্নাতক (সম্মান) প্রফেশনাল শ্রেণীর ১ম বর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে যারা এখনো দ্বৈত-ভর্তি রয়েছে (তালিকা সংযুক্ত) তাদের পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল সম্পর্কিত জরুরী বিজ্ঞপ্তি

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ও স্নাতক (সম্মান) প্রফেশনাল শ্রেণীতে ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে যারা ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের বিভিন্ন কোর্সে এখনও দ্বৈত ভর্তি রয়েছে, সে সকল দ্বৈত ভর্তিকৃত শিক্ষার্থীদের তালিকা (পৃষ্ঠানং- ০১ থেকে ২১ পর্যন্ত) সংযুক্ত করা হলো। সংযুক্ত তালিকা অনুযায়ী তাদেরকে শেষবারের মত আগামী ২০/০৫/২০২৫ তারিখের মধ্যে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান)/স্নাতক (সম্মান) প্রফেশনাল/স্নাতক (পাস) ভর্তি বাতিলের সুযোগ দেয়া হলো। তালিকায় প্রকাশিত দ্বৈত ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে যে সকল শিক্ষার্থী উক্ত তারিখের মধ্যে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করবেনা, তাদের ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) ও স্নাতক (সম্মান) প্রফেশনাল শ্রেণীর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবেনা এবং তাদের উক্ত ভর্তি বাতিল বলে গণ্য হবে। তবে তাদের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ভর্তি বহাল থাকবে।

বিঃ দ্রঃ দ্বৈত-ভর্তির তালিকায় প্রকাশিত কোন শিক্ষার্থী যদি দাবী করে যে, সে তার পূর্বের ভর্তি ইতোমধ্যে বাতিল করেছে এবং ২০/০৫/২০২৫ তারিখ পর্যন্ত যেসকল শিক্ষার্থীরা ভর্তি বাতিল করবে তাদেরকে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের ভর্তি ফরমসহ পূর্বের ভর্তি বাতিলের প্রমাণাদি (“ভর্তি বাতিল পূর্বক মূল মার্কশীট ফেরত দেয়ার অনুমতি” পত্রের কপি ও রেজিস্ট্রেশন কার্ড) সংশ্লিষ্ট দপ্তরে ২২/০৫/২০২৫ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। উল্লেখ্য, যে সকল শিক্ষার্থী ইতিপূর্বে প্রয়োজনীয় কাগজপত্র জমা দিয়েছে সে সকল শিক্ষার্থীদের নতুন করে কাগজপত্র জমা দেয়ার প্রয়োজন নাই।



(ড. মোঃ আশেক কবির চৌধুরী)
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়।

স্মারকনং- ১০(৭৬১) জাতীয় বিঃ/রেজিঃ/অ্যাকাঃ/অনলাইন ভর্তি/২০১৭/২০২৫/

তারিখঃ ১৬ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ
২৯ এপ্রিল, ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়।
- ২। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।
- ৩। অধ্যক্ষ, সংশ্লিষ্ট কলেজ (সংযুক্ত তালিকায় প্রকাশিত আপনার কলেজের সংশ্লিষ্ট শিক্ষার্থীদের অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ৪। সচিব, ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
- ৫। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।
- ৬। সিনিয়রসিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়।
- ৭। অফিসকপি।


(মো. আবুল কাসেম)

উপ-রেজিস্ট্রার
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়
ফোন: ০২৯৯৬৬৯১৫৮৪
ই-মেইল: adm.hons@nu.ac.bd